

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়  
মিঠামইন, কিশোরগঞ্জ

স্মারক নং- নং ০৫.৪৬.৪৮৫৯.০০০.০০.০০০.১৫-

তারিখ : ৩৭-১১-২০১৯


নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা/২০১৫ মোতাবেক মিঠামইন উপজেলাধীন ০৭(সাত) টি ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে বর্ণিত ওয়ার্ড সমূহে মহল্লাদার এর শূণ্য পদে নিয়োগের নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিয়নের প্রার্থীদের নিকট হতে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ইউনিয়নের নাম	শূণ্য পদের সংখ্যা	ওয়ার্ড নং	পদের নাম	রেতন-ভাতাদি	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা
১নং গোপদিঘী ইউনিয়ন পরিষদ	০৩	৩,৫,৬	মহল্লাদার	৬,৫০০/- (সরকারি অংশ ৫০%, ইউপি অংশ ৫০%), বেতনের সম পরিমাণ ০২(দুই) টি উৎসব ভাতাসহ প্রচলিত অন্যান্য সুবিধাদি	কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে (জেএসসি) বা সম মানের পরীক্ষায় উত্তীর্ণ	পুরুষ উচ্চতা : ৫ ফুট ২ ইঞ্চি বৃকের মাপ-৩০ ইঞ্চি। ওজন-৫০ কেজি। মহিলা উচ্চতা: ৫ ফুট, বৃকের মাপ-২৮ ইঞ্চি, ওজন-৪৫ কেজি।
২নং মিঠামইন ইউনিয়ন পরিষদ	০১	৮	মহল্লাদার			
৩নং ঢাকী ইউনিয়ন পরিষদ	০২	২,৩	মহল্লাদার			
৪নং ঘাগড়া ইউনিয়ন পরিষদ	০১	১	মহল্লাদার			
৫নং কেওয়ারুজাড়া ইউনিয়ন পরিষদ	০৩	৩,৪,৫	মহল্লাদার			
৬নং কাটখাল ইউনিয়ন পরিষদ	০৩	১,৬,৭	মহল্লাদার			
৭নং বৈরাটী ইউনিয়ন পরিষদ	০৩	৬,৮,৯	মহল্লাদার			

শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।
- প্রার্থীর বয়স বিজ্ঞপ্তির তারিখ অনুর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তান/সৌত্র/সৌত্রিণী এর ক্ষেত্রে ৩২ বছর শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণ যোগ্য নয়।
- আবেদনকারী উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদনকারীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, শারীরিক যোগ্যতার পরিমাপ, ধর্ম, জাতীয়তা, ইউনিয়নের নাম, ওয়ার্ডের নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি সংযোজন করতে হবে :-  
ক। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রসিন ছবি সত্যায়িত।  
খ। শিক্ষাগত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।  
গ। ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।  
ঘ। ১ম শ্রেণীর পেজেন্টেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।  
ঙ। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।  
চ। আবেদনকারীকে যেকোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার/পোস্টাল অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।  
ছ। মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/উপজাতি/আনসার ও ভিডিপি কোটায় যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি/প্রমানপত্র দাখিল করতে হবে।  
জ। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাকটিকেটযুক্ত একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।  
ঝ। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ বরাবর আগামী ০৩/১২/২০১৯ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে।। কোন অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রদত্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশ এর পুত্র/কন্যা/সৌত্রদের অগ্রাধিকার দেয়া হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধিবিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- নিয়োগের কার্যক্রম বা স্থগিত সংক্রান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
৩৭-১১-১৯  
প্রভাংশু সোম মহান  
উপজেলা নির্বাহী অফিসার  
মিঠামইন, কিশোরগঞ্জ